ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৯৮৭

জিরানীয়া, ২ জুন, ২০২৫

**জিরানীয়ায় ৪ জন কৃষককে মিশন অন ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অফ হর্টিকালচার প্রকল্পে আর্থিক সহায়তা প্রদান**

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে পরিবেশবান্ধব চাষাবাদকে উৎসাহিত করার লক্ষ্যে জিরানীয়া কৃষি মহকুমায় ৪ জন কৃষককে ভার্মি কম্পোস্ট সার উৎপাদনের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। গত অর্থবছরে মিশন অন ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অফ হর্টিকালচার প্রকল্পের আওতায় এই সহায়তা প্রদান করা হয়েছে। প্রত্যেক সুবিধাভোগী কৃষককে এই কর্মসূচির মাধ্যমে ৫০ হাজার টাকা করে প্রদান করা হয়েছে। তাতে মোট ব্যয় হয়েছে ২ লক্ষ টাকা। এছাড়াও এই প্রকল্পের বিশেষ অনুষঙ্গ অ্যাডপসন অফ অর্গানিক ফার্মিং-এর অধীনে কৃষকদের নিজস্ব উদ্যোগে জৈব সার উৎপাদনের জন্য উৎসাহিত করা হচ্ছে। জিরানীয়া কৃষি ও কৃষক কল্যাণ কার্যালয়ের কৃষি তত্ত্বাবধায়ক সোমেন কুমার দাস এই সংবাদ জানিয়েছেন।

*******